

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গেজেট অধিশাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.২০০৯/১৭-৯৬০

তারিখ

০৬ চৈত্র ১৪২৩বঃ

২০ মার্চ ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি


বিষয়ঃ স্থগিতাদেশ এ অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগ রীট পিটিশন নং ১১০৮/২০১৭ এর মাধ্যমে গত ২৯/০১/২০১৭ তারিখের আদেশে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ২১/০১/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.৪৯.২৩৩.০৯-১৮৫ সংখ্যক বিজ্ঞপ্তির ০৮টি জেলার (নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, নোয়াখালী, চাঁদপুর, গাইবান্ধা, নীলফামারী, ঝালকাঠী ও সিলেট) কার্যকারিতা স্থগিত করেছিল।

০২। গত ১৬/০২/২০১৭ তারিখের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৪৮.০০.০০০০.৪৯.২৩৩.০৯/২০১৭-৪৫৪ সংখ্যক বিজ্ঞপ্তির মাধ্যমে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কার্যক্রম স্থগিত রাখা হয়েছিল।

০৩। গত ১৯/০৩/২০১৭ তারিখের আদেশে মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগ সিভিল পিটিশন ফর লীভ টু আপীল মামলা (সিএমপি) নং ৯৯১/২০১৭ এর মাধ্যমে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৯/০১/২০১৭ তারিখের স্থগিত আদেশ এ অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ প্রদান করেছে।

০৪। এমতাবস্থায়, অন্য কোন মামলা বা রীট পিটিশন এর আদেশ দ্বারা স্থগিতাদেশ না থাকলে, উপজেলা/জেলা/মহানগর যাচাই বাছাই কার্যক্রম চলবে।


(মোঃ মাহবুবুর রহমান ফারুকী)
উপসচিব
ফোনঃ ৯৫৬৬৫৭২

বিতরণঃ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.....
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ৭। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জেলা প্রশাসক,.....(সকল)।
- ৯। মন্ত্রী/জামুকার সদস্য/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব/ব্যক্তিগত সহকারী,.....মন্ত্রণালয়
(মাননীয় মন্ত্রী/জামুকার মাননীয় সদস্য/মাননীয় প্রতিমন্ত্রী/মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। উপসচিব (আইন), আইন অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার,....., (সকল)।
- ১২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির সভাপতি এর একান্ত সচিব (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বহল প্রচারের অনুরোধসহ)।